# দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ

**নব প্রশাসনিক ভবন (তৃতীয় ও চতুর্থ তল)**
**১২, বিপ্লবী কানাই ভট্টাচার্য্য সরনী, আলিপুর**
**কোলকাতা- ৭০০ ০২৭**

স্মারক :- 280/জেঃপঃ/প্রঃসমিতি/নিলাম/22 তারিখঃ- 28/02/22

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনকে জানানো হচ্ছে যে, সংযোজিত তালিকায় বর্ণিত দোকানঘরগুলি উল্লেখিত তারিখে জেলা পরিষদ কার্যালয়ে বেলা ১১ টায় লিভ ও লাইসেন্সের মাধ্যমে পার্শ্বে-বর্ণিত মেয়াদের বন্দোবস্ত দেবার উদ্দেশ্যে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে । ঘরগুলির ক্ষেত্রে আরনেষ্ট (আমানত) মানি ও নুন্যতম ডাকের পরিমান সংযোজিত তালিকায় উল্লেখ করা হয়েছে ।

**ক) নিলামে অংশগ্রহনের যোগ্যতা :-**

১) জেলার স্থায়ী অধিবাসী , যাঁর স্বনামে জেলায় যথেষ্ট স্থাবর সম্পত্তি আছে । জেলায় অবস্থিত বিধিবদ্ধ পার্টনারশিপ ফার্ম /কোম্পানী /সমবায় সমিতি / জেলায় অবস্থিত স্বর্ণজয়ন্তী প্রকল্পে অন্তত: দ্বিতীয় গ্রেড যুক্ত স্বয়ম্ভর গোষ্ঠি

২) নিলাম বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার পর নিলামে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করে আবেদন জানিয়ে নিদিষ্ট দিনের মধ্যে (নিলাম টেবিলে উল্লেখিত, সংযোজনী-৩ ) বিকেল ৩টার মধ্যে ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে (আরনেষ্ট মানি, আবেদনপত্র ও যোগ্যতার স্বপক্ষে প্রমানপত্রের প্রত্যায়িত নকল নিলাম টেবিলে উল্লেখিত স্থানে জমা দিতে হবে ।

৩) আবেদনের সঙ্গে বৈধ আয়কর, পেশাকর, ট্রেড লাইসেন্স সংক্রান্ত সার্টিফিকেট, পেশ করতে হবে । (কোম্পানী/পার্টনারশিপ ফার্ম / সমবায় সমিতি ক্ষেত্রে প্রযোজ্য ।

৪) দরখাস্তের সঙ্গে নির্দিষ্ট বয়ানে (তালিকায় সংযোজিত) ১০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে নোটারী প্রত্যায়িত হলফনামা জমা দিতে হবে ।

৫) প্রত্যেক বৈধ অংশগ্রহনকারী অথবা তাঁর অনুপস্থিতিতে তাঁর মনোনিত একজন প্রতিনিধি তৎসহ প্রাধিকার অর্পণ পত্র (Authorized Letter)সহ নিলাম কক্ষে উপস্থিত থাকতে পারবেন ।

**খ) নিলামে অংশগ্রহনের অযোগ্যতা :-**

১) পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩ (এর রুল নং ১৪২(সি) অনুযায়ী ত্রিস্তর পঞ্চায়েত ব্যাবস্থার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত বা কোনো সংস্থার সঙ্গে যুক্ত অথবা আধিকারিক বা কর্মী অথবা কোনো অংশীদার সংস্থার সঙ্গে যুক্ত অথবা জেলা পরিষদ , পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েতের সঙ্গে সংস্থাগত ভাবে সম্পর্কিত ।

২) যদি প্রমানিত হয় যে আবেদনকারী ইতিপুর্বে জেলা পরিষদের কোনো দোকানঘর বিনা রাজস্বে ও অবৈধ ভাবে চালিয়েছেন ।

৩) আর্থিকভাবে ‘ইনসলভেন্ট' ঘোষিত হলে ।

৪) ইতিপুর্বে জেলা পরিষদ দ্বারা প্রাপ্ত কোনো দায়িত্ব পালনে শর্ত ভঙ্গ হয়ে থাকলে ।

৫) অসম্পূর্ণ অথবা ভুল তথ্য দেওয়া হলে ।

৬) উপরে উল্লিখিত 'ক' অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতাবলীর অধিকারী না হয়ে থাকলে ।

৭) নিলামে অংশগ্রহনকারী প্রথম ও দ্বিতীয় ডাকদাতা বিবেচিত হওয়ার পর ডাকের টাকা জেলা পরিষদে নিদিষ্ট দিনে জমা দিতে অসমর্থ হলে সেই সময় থেকে পরবতী পাঁচ বছর পর্যন্ত তিনি /তাঁদের নিলামে অংশগ্রহনের আবেদন মঞ্জুর হইবে না ।

গ) শর্তাবলী :-

১) দোকান ঘরগুলির চালাবার জন্য উপযুক্ত ব্যাবস্থা , ইলেকট্রিক খরচ , জলের খরচ ও কর্মচারীর প্রাপ্য বেতন ও অন্যান্য আর্থিক দায়ভার নিজেকেই বহন করতে হবে ।

২) দোকান ঘরগুলির ৩ বছরের জন্য লিভ ও লাইসেন্স দেওয়া হইবে । ৩ বছর পর ২০% হারে ভাড়া বৃদ্ধি পাবে এবং লিভ ও লাইসেন্স পুনরায় ৩ বছরের জন্য পুন:নবিকরণ করা হবে ।

৩) ইচ্ছুক ডাকদাতা সংস্থাকে নিলাম ডাকের পূর্বে উল্লখিত দোকান ঘরগুলির পার্শ্ববর্ণিত পরিমান অর্থ আমানত বাবদ জমা রাখতে হবে । প্রথম ও দ্বিতীয় ডাককারী ব্যাক্তি বা সংস্থা ব্যাতিরেখে অন্যান্য ডাককারী ব্যাক্তি বা সংস্থাগুলিকে আমানতের অর্থ ফেরত দেওয়া হবে । উল্লেখ থাকে যে, উক্ত আমানতের টাকা যে কোনো রাষ্টায়ত্ব ব্যাঙ্কের মাধ্যমে ব্যাঙ্ক ড্রাফট 'A.E.O.,South 24 Parganas Zilla Parishad" এর নামে জমা করতে হবে ।

৪) নিলামের ক্ষেত্রে অন্তত: দুইজন ডাকদাতার উপস্থিত বাধ্যতামুলক ।

৫) নিলামে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত ডাক হলে নুন্যত্তম ১০০/-(একশত) টাকা , ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বেশি ডাক হলে নুন্যত্তম ৫০০/- (পাঁচশত) টাকা , ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বেশি ডাক হলে নুন্যত্তম ১০০০/- (এক হাজার) টাকা এবং ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বেশি ডাক হলে নুন্যত্তম ৫০০০/-(পাঁচ হাজার) টাকা বাড়িয়ে ডাকদাতাগণকে প্রতিবার ডাক দিতে হবে ।

৬) সংশ্লিষ্ট দোকান ঘর নিলামের সর্ব্বচ্চ ডাকদাতা সংস্থাকে নিলামের সমাপ্তি ঘোষিত হওয়ার পর ডাকের সম্পূর্ন অর্থ ডাকের ঐ দিনে অথবা উক্ত দিনের পর দুটি কাজের দিনের মধ্যে বিকাল ৩ টার মধ্যে ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে ' A.E.O.,South 24 Parganas Zilla Parishad" -এর নামে (যে কোন রাষ্টায়ত্ব ব্যাঙ্কের ) জেলা পরিষদ অফিসে জমা করতে হবে । সম্পূর্ন টাকা এইরূপে মিটিয়ে দিতে না পারলে অনুরূপভাবে ২য় সর্ব্বচ্চ ডাকদাতা সংস্থাকে তার ডাকের সম্পূর্ণ টাকা পরবতী দুইটি কাজের দিনের মধ্যে বিকেল ৩ টার মধ্যে জমা দিয়ে দোকানঘর টির ইজারা নেওয়ার সুযোগ দেওয়া হবে । প্রথম ডাকদাতা ইজারামুল্য নির্দিষ্ট সময়ে জমা করতে ব্যর্থ হলে দ্বিতীয় সব্বোর্চ্চ ডাকদাতা নিজ দ্বায়িত্বে ও নিজ তাগিদে তার ডাকের অর্থ জমা করবে । এক্ষেত্রে পরিষদ কোনভাবেই তাকে খবর দিতে বাধ্য থাকবে না । এবং দ্বিতীয় সব্বোর্চ্চ ডাকদাতা নির্দিষ্ট সময়ের টাকা জমা দিতে না পারলে এ ব্যাপারে চুড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নিলাম কমিটির থাকবে অথবা যদি উক্ত দোকানঘরটির পুন:রায়

নিলামের প্রয়োজন দেখা দেয় তবে ১ম ও ২য় সর্ব্বোচ্চ ডাকদাতাদের ব্যতিরেখে বাকী ডাকদাতাদের নিলামে অংশগ্রহন করতে দেওয়া হবে ।

৭) ক) সর্ব্বোচ্চ ডাকদাতা /সংস্থা সমুদয় টাকা উল্লিখিত শর্তানুযায়ী জমা দিতে না পারলে ডাকদাতা /সংস্থার জমা রাখা আমানতের টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে । অনুরূপভাবে দ্বিতীয় সর্ব্বোচ্চ ডাকদাতা /সংস্থার ক্ষেত্রেই এক-ই নিয়ম প্রযুক্ত হবে ।

খ) নিলামের সময় যদি একজন উপস্থিত থাকেন এবং জেলা পরিষদ যদি উক্ত দিনে কোন সিদ্ধান্ত না গ্রহন করে থাকে তবে পুনঃরায় যদি নিলাম হয় সেক্ষেত্রে উক্ত ব্যাক্তি অংশগ্রহন করতে পারবে ।

৮) প্রথম ও দ্বিতীয় উভয় ডাকদাতাই অসমর্থ হলে ঘরের বন্দোবস্ত সংক্রান্ত সিদ্ধান্ত জেলা পরিষদ যথাসময়ে গ্রহন করবে এবং এই সিদ্ধান্ত গ্রহনের ক্ষেত্রে নিলামে অংশগ্রহনকারী ব্যাক্তি বা সংস্থার কোন দাবী বা আবেদন গ্রাহ্য হবে না ।

৯) নিলাম কমিটি অথবা এই কমিটির সভাপতি অর্থাৎ জেলা পরিষদের সভাধিপতির দ্বারা মনোনিত আধিকারীক নিলামে প্রদত্ত দর ও সংযোজিত নথীসমুহ লিপিবদ্ধ করবেন ।

১০) ডাকের অর্থ জমা হবার পরবর্তী ১৫ দিনের মধ্যে নিলাম কমিটি অথবা এই কমিটির সভাপতি অর্থাৎ জেলা পরিষদের সভাধিপতি নিলাম সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহন করবেন এবং দোকান ঘর গুলির প্রাপকের নাম ঘোষনা করবেন । এই ঘোষনার ১৫ দিনের মধ্যে ইজারা প্রাপককে কবুলিয়ত সম্পাদান করে ঘরের দখলনামা গ্রহন করতে হবে । অন্যথায় ইজারা প্রাপক উক্ত সুযোগ স্থায়ীভাবে হারাতে পারেন । কবুলিয়ত নির্দিষ্ট বয়ানে সম্পাদিত হবে, ও ইজারা প্রাপক নিজ ব্যয়ে আলিপুর রেজিষ্ট্রী অফিসে তা নিবন্ধিত করবেন । কবুলিয়ত সম্পূর্ন হইবার পর দোকানঘর টির চাবি ইজারা প্রাপক-কে দেওয়া হইবে এবং সেই দিন হইতে ঘরটির ভাড়া চালু হইবে ।

১১) ইজারা প্রাপকের জমা থাকা 'আরনেষ্ট মানি' জামিন জমায় রূপান্তরিত হবে , যা থেকে দোকান চালনাকালীন সরকারী আইন মোতাবেক প্রদেয় কর ও অন্যান্য অর্থ নির্দিষ্ট সময়ে জমা না করলে সম পরিমান অর্থ কেটে নেওয়া হবে এবং শর্তভঙ্গজনিত কারনে জেলাপরিষদের আর্থিক ক্ষতি হলে তা উসুল করা হবে , এবং জনস্বার্থ জনিত প্রশাসনিক কর্তৃপক্ষের আদেশ অমান্য হলে ধার্য আর্থিক জরিমানা ইজারা প্রাপক দিতে বাধ্য থাকবেন ।

১২) ইজারা প্রাপককে ইজারার মেয়াদ শুরুর প্রথম দিনই কবুলিয়তের শর্ত অনুযায়ী সকল নিয়মাবলী অগ্নি নির্বাহ ও নিরাপত্তামুলক ব্যাবস্থা নিতে হবে এবং দোকানের ভিতর প্রয়োজনীয় আলোর ব্যাবস্থা করতে হবে । স্থানীয় প্রশাসন কতৃপক্ষ অথবা জেলা পরিষদের প্রতিনিধি বিষয়টি পরীক্ষা করবেন । ইজারা প্রাপকের গৃহীত ব্যাবস্থা সন্তোষজনক না হলে জেলাপরিষদের পক্ষ থেকে ইজারা প্রাপকের বিরুদ্ধে আর্থিক জরিমানা ও অন্যান্য ব্যাবস্থা গৃহীত হতে পারে ।

১৩) ইজারা প্রাপককে দোকনের স্থায়ী পরিকাঠামো যথাযথ রক্ষনাবেক্ষন ও পথের পরিচ্ছন্নতার ব্যাবস্থা নিজ ব্যয়ে করতে হবে ।

১৪) আইনী সংক্রান্ত কোনো সমস্যা দেখা দিলে তা স্থানীয় প্রশাসনিক স্তরে সমাধানের উদ্যোগ নিতে হবে, স্থানীয় প্রশাসনের সহযোগিতায় সমাধান করিয়া লইতে হইবে । ইজারাদার এ-বিষয়ে জেলা পরিষদে কোন অভিযোগ দায়ের করলে তা গ্রাহ্য হবে না

১৫) কোনরূপ বে-আইনী কার্যকলাপ ও দোকান ঘরের স্থায়ী পরিবর্তন করলে / হলে ইজারাদার নিজেই দায়বদ্ধ থাকবেন এবং তাহার বিরুদ্ধে যথাযথ ব্যাবস্থা গ্রহন করা হবে , প্রয়োজনে লিভ ও লাইসেন্স বাতিল করা হতে পারে । সেক্ষেত্রে ইজারাপ্রাপকের সেলামী ও আরনেষ্ট মানি বাজেয়াপ্ত করা হইবে ।

ইজারাদার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দোকান ঘরের পুন:বন্দোবস্ত দিলে অথবা এই নোটিশে বর্ণিত কোন শর্ত ভঙ্গ বা অমান্য র ডাকে অংশ নিয়ে ইজারা লাভ করলে ইজারা বাতিল ও দখলনামা প্রত্যাহার করে নেবার ক্ষমতা জেলাপরিষদের থাকবে । এ-ক্ষেত্রে ডাকের জমা অর্থ সম্পূর্নরূপে বাজেয়াপ্ত করার ক্ষমতা জেলাপরিষদের থাকবে ।

১৭) ইজারা দান সংক্রান্ত বিবাদ মীমাংসার জন্য ইজারাদারকে প্রথমে নিলাম কমিটি , দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদের কাছে লিখিত আবেদন জানাতে হবে । জেলা পরিষদের সংশোধিত উপবিধি ২০১৪ অনুযায়ী সকল পক্ষের ক্ষেত্রে প্রযোজ্য ও কার্যকর হবে ।

১৮) নিলামের সময় থেকে ইজারার মেয়াদকালের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত আদালতের অন্তবর্তী বা চুড়ান্ত আদেশনামা জারী হলে তা কার্যকর করার ক্ষেত্রে ইজারাদার জেলাপরিষদের উপর কোন আর্থিক দায়ভার /ক্ষতিপুরণ চাপাতে পারবে না ।

১৯) দখলদার জারীর দিন থেকে ইজারা সত্ব-এর সময়কাল শুরু হবে ।

২০) মেয়াদকাল শেষ হবার পুর্বে বিশেষ পরিস্থিতিতে জেলা পরিষদ মেয়াদসীমা হ্রাস অথবা বন্দোবস্ত প্রত্যাহার করে নিতে পারবে । সেক্ষেত্রে আরনেষ্ট মানি ইজারাপ্রাপক-কে জেলাপরিষদ ফেরত দেবে ।

২১) নিলাম সংক্রান্ত যে কোন বিষয়ে নিলাক কমিটির গৃহিত সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে ।

২২) দোকান ঘরগুলির ইজারা লাভ করিলে দখলনামার সহিত প্রদত্ত পশ্চিমবঙ্গ সরকারের ভাড়াটিয়া আইন , ইজারাদারকে সম্পূর্নরূপে সকল অবস্থাতেই মানিয়া চলিতে হইবে । অন্যথায় তাহার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহনের অধিকার পরিষদের থাকবে ।

২৩) দোকান ঘরগুলির নিলাম ও দুইবার পুর্ননীলামের পর নীলাম ও পুর্ননীলামের পরবর্তী বন্দোবস্ত বিহীন দোকানগুলিকে আবেদনের মাধ্যমে ইজারা বন্দোবস্ত দিবার অধিকার পরিষদের থাকবে । সেক্ষেত্রে আবেদনকারীআ উপর নীলাম বিঞ্জপ্তীর সকল শর্ত আরোপিত হওয়ার পাশাপাশি তাকে আবেদনের সঙ্গে হলফনামা প্রদান করতে হবে, এবং তাহার প্রস্তাবিত ইজারামুল্য কখনই নিলাম বিঞ্জপ্তির নুন্যত্তম ইজারামুল্যের চেয়ে কম হইবে না ।

২৪) দ্বিতীয়বার পুর্ননীলামের পরবর্তী ১ (এক) মাস পর্যন্ত আবেদন পত্র গ্রহন করা হইবে । উক্ত সময় অতিক্রান্ত হইবার পর দোকানঘর ইজারা নেওয়ার জন্য কোন আবেদন গ্রাহ্য হইবে না ।

**নিলামে অংশগ্রহনের প্রয়োজনীয় কাগজপত্র :-**

১) Application in proper Format

২) Affidavit in given format on Rs.10/- Non Judicial Stamp Paper with Notary Public.

৩) স্বনামে সম্পত্তির নথির স্ব-প্রত্যায়িত (Self Attested) ফটো কপি ।

৪) EPIC/Aadhar স্ব-প্রত্যায়িত (Self Attested) ফটো কপি ।

৫) Earnest Money in given format of respective Shops

৬) PAN Card স্ব-প্রত্যায়িত (Self Attested) ফটো কপি ,(কোম্পানী /পার্টনারশিপ ফার্ম / সমবায় সমিতি ক্ষেত্রে প্রযোজ্য )।

৭) Income Tax( আয়কর জমার ) স্ব-প্রত্যায়িত (Self Attested) ফটো কপি ,(কোম্পানী /পার্টনারশিপ ফার্ম / সমবায় সমিতি ক্ষেত্রে প্রযোজ্য )।

৮) Professional Tax পেশাকর স্ব-প্রত্যায়িত (Self Attested) ফটো কপি ,(কোম্পানী /পার্টনারশিপ ফার্ম / সমবায় সমিতি ক্ষেত্রে প্রযোজ্য )।

৯) Trade Licance প্রত্যায়িত ফোট কপি (ইজারা পাবার পর)

১০)Fire Licence /Safety Documents issued by respective authority (ইজারা পাবার পর)

# নিলামে / পুনর্নিলামে অংশগ্রহনের আবেদন পত্রের বয়ান

সংযোজনী - ১

প্রতি,

অপর নির্বাহী আধিকারিক

দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ

আলিপুর, কলকাতা- ৭০০ ০২৭

বিষয় :- ........................................................................................................মার্কেট কমপ্লেক্সের দোকান ঘর নিলামে / পুণর্নিলামে অংশ গ্রহনের জন্য আবেদন ।

মহাশয় ,

আপনার নিকট আমার আবেদন এই যে আমি শ্রী /শ্রীমতি ....................................................................................., পিতা / স্বামী.....................................................................(সম্পাদক / সভাপতি /সদস্য.......................................................................) গ্রাম ......................................................................, পোষ্ট ....................................................থানা....................................., জেলা...................................................................., আমি ................................................................................................তারিখের ..........................................................................মার্কেট কমপ্লেক্সের দোকান ঘর নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহন করতে এবং আমানত বাবদ...........................(...................................................................................) টাকার ব্যাঙ্কড্রাফট জমা দিতে ইচ্ছুক ।

সুতরাং আমার ব্যাঙ্ক ড্রাফটটি জমা নিয়ে উক্ত মার্কেট কমপ্লেক্সের দোকান ঘর নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহন করতে দেবার জন্য অনুরোধ করছি ।

ইতি

তারিখ:

.....................................................................

(ইংরাজী) .........................................................

স্মারক নং : ২৮০/১(১৭)/দ২৪প.জি/মনুষ্ঠ/নিলাম/22 তারিখ: 28/02/22

<u>**প্রতিলিপি অবগতি ও প্রচারের জন্য প্রেরিত হ'ল :**</u>

১) যুগ্ম সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর , সল্টলেক সিটি ।

২) সহকারী সভাধিপতী , দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ ।

৩) সচীব , দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ ।

৪) জেলা বাস্তুকার , দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ ।

৫) অর্থ নিয়ামক ও প্রধান গাননিক আধিকারিক, দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ ।

৬) জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, দক্ষিন ২৪ পরগনা জেলা ।

৭) ..............................................................................., নিলাম কমিটির সদস্য/সদস্যা ,নিলাম/পুর্ণনিলামের দিনগুলিতে যথা সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

৮) জেলাপরিষদের সদস্য / সদস্যাগণ এবং পরিষদের কর্মাধ্যক্ষগণ,দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ ।

৯) মহকুমা শাসক , ক্যানিং / বারুইপুর / সদর / ডায়মন্ড হারবার / কাকদ্বীপ দক্ষিন ২৪ পরগনা জেলা ।

১০) সভাপতি , ...............................................................................পঞ্চায়েত সমিতি দক্ষিন ২৪ পরগনা ।

১১) সমষ্টি উন্নয়ন আধিকারিক ও নির্বাহী আধিকারিক , ...............................................................................পঞ্চায়েত সমিতি , দক্ষিন ২৪ পরগনা । (আপনার আওতাধীন সকল থানা ও সকল গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদের সকল সদস্য /সদস্যা কে অবিহিত করার জন্য অনুরোধ করা হল ) ।

১২) ভারপ্রাপ্ত আধিকারিক,...............................................................................থানা , দক্ষিন ২৪ পরগনা ।

১৩) জেলাশাসক অফিস নোটিশ বোর্ড ।

১৪) জেলা পরিষদের অফিস নোটিশ বোর্ড ।

১৫) আপ্ত সহায়ক, সভাধিপতি / জেলাশাসক ।

১৬) প্রধান , ...............................................................................গ্রাম পঞ্চয়েত, দক্ষিন ২৪ পরগনা । আপনার পঞ্চায়েতে অবস্থিত বিজ্ঞপ্তি-টি জনস্বার্থে প্রচারের জন্য নোটিশ বোর্ড ও নজরে আনার জন্য অনুরোধ করা হল ।

১৭) জেলা তথ্য বিশ্লেষক - জেলা পরিষদ ওয়েব সাইটে zps24pgs.gov.in এবং জেলার s24pgs.gov.in এ বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য ব্যাবস্থা গ্রহন করুন ।

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ

**লফনামার বয়ান :-**

**সংযোজনী - ২**

আমি.................................................বয়স..................বছর , পিতা.................................................., স্থায়ী বাসিন্দা.................................................

.............................................পো:...............................................................থানা......................................................জেলা.....................................................

..............................................বর্তমান নিবাস-গ্রাম .......................................................পো:..............................................................

থানা..........................................জেলা..........................................পেশা...........................................ধর্ম.......................................................

ব্যাক্তিগত ভাবে এবং .................................(সংস্থার নাম) এর দ্বায়িত্ব প্রাপ্ত পদাধিকারী ........................................( যে যে পদে অসীন) রূপে, সজ্ঞানে ঘোষনা করিতেছি যে, দক্ষিন ২৪ পরগনা পরিষদের স্মারক নং.......280......./জেড .পি/ মার্কেট /নিলাম/২২ তারিখ ....28/02........২০২২ এর অধীন প্রকাশিত নীলাম বিজ্ঞপ্তির 'ক' খ ও গ অনুচ্ছেদ সমুহের অধীনে বর্নিত বিষয় ও শর্তাবলী পাঠ করিয়াছি ও ইহার মর্মার্থ অনুধাবন করিয়াছি । কবুল করিতেছি যে , আমি ও আমার সংস্থা নিলামে অংশগ্রহনের জন্য এবং ইজারার জন্য নির্বাচিত হইলে তাহা লাভের জন্য প্রয়োজনীয় সকল যোগ্যতার অধিকারী এবং কোনোভাবেই ইহার অযোগ্য নহি ও নহে । একইসঙ্গে এই মর্মে অঙ্গীকার করিতেছি , ইজারা লাভ করিলে আমি ও আমার সংস্থা উক্ত নিলাম বিজ্ঞপ্তির সকল শর্ত যে কোনো পরিস্থিতিতে যথাযথ মানিয়া চলিতে বাধ্য থাকিব ও থাকিবে । ভবিষ্যতে আমি ও আমার সংস্থা প্রদত্ত কোনো তথ্য অসম্পূর্ণ বা ভুল প্রমানিত হইলে , দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ দখলনামা খারিজ করিয়া আমার বা আমার সংস্থার বিরুদ্ধে আর্থিক ক্ষতিপূরণ আদায় করিতে পারিবে । একই সঙ্গে আরো অঙ্গীকার করিতেছি , আমি কোনো দোকানঘর ইজারা পাইলে সেই দোকান ঘরের মাসিক ভাড়া পরিষদে পরিশোধ করতে বাধ্য থাকিব ।

উপরিউক্ত বিবৃতি সমুহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ।

.....................................................স্থানে..........................................................তারিখে.....................................................................

সাক্ষর করিলাম :

| সাক্ষী : নাম : | ঠিকানা | সাক্ষর |
|---|---|---|
| ১) | | |
| ২) | | |

# ক্যানিং মার্কেট কমপ্লেক্স

সংযোজনী- ৩

| ক্রমিক নং | মার্কেট কমপ্লেক্স | দোকান নং | দোকানের ক্ষেত্রফল (বর্গ ফুট) | থানা | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তাং ও স্থান | নুন্যত্তম ইজারা মুল্য(টাকা) | আমানতের পরিমান (টাকা) | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১০১ | ৮২.৮৮ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১২২১৬৩ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১০২ | ৮৩.৬৪ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১২৩২৭৪ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ৩ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১০৩ | ৮২.৮৮ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১২২১৬৩ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ৪ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১০৪ | ৮৫.৯০ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১২৬৬০৬ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ৫ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১০৫ | ৭৬.৩২ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১১২৪৮৫ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ৬ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১০৬ | ৮৮.৮০ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩০৮৮৯ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ৭ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১০৭ | ৮৭.৩০ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১২৮৬৬৮ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ৮ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১০৮ | ৮৩.৬৪ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১২৩২৭৪ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ৯ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১০৯ | ৯১.৮২ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৫৩৩১ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ১০ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১০ | ৯৪.৮৩ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৯৭৭৪ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ১১ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১১ | ৯১.৬০ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৫০১৪ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ১২ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১২ | ১০৫.৮১ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৫৫৯৫৬ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ১৩ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১৩ | ১০০.১১ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৭৫৪৭ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ১৪ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১৪ | ৯৭.৭৪ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৪০৫৭ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ১৫ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১৫ | ৭৪.৫৯ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১০৯৯৪৬ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ

# ক্যানিং মার্কেট কমপ্লেক্স

সংযোজনী- ৩

| ক্রমিক নং | মার্কেট কমপ্লেক্স | দোকান নং | দোকানের ক্ষেত্রফল (বর্গ ফুট) | থানা | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তাং ও স্থান | নুন্যত্তম ইজারা মুল্য(টাকা) | আমানতের পরিমান (টাকা) | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১৬ | ৯১.১৭ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৪৩৭৯ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ১৭ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১৭ | ১০০.১১ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৭৫৪৭ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ১৮ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১৮ | ৯৪.৮৩ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৯৭৭৪ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ১৯ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১১৯ | ৯১.৬০ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৫০১৪ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২০ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২০ | ১০৫.৮১ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৫৫৯৫৬ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২১ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২১ | ১০০.১১ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৭৫৪৭ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২২ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২২ | ৯৭.৭৪ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৪০৫৭ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২৩ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২৩ | ৯৬.০১ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪১৫১৮ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২৪ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২৪ | ৯০.৪২ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৩২৬৮ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২৫ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২৫ | ৯৯.৩৫ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৬৪৩৬ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২৬ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২৬ | ৯৪.০৮ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৮৬৬৩ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২৭ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২৭ | ৯০.৮৫ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৩৯০৩ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২৮ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২৮ | ৯৬.৮৮ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪২৭৮৮ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ২৯ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১২৯ | ৯৪.৫১ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৯২৯৭ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |
| ৩০ | ক্যানিং মার্কেট কমপ্লেক্স | ১৩০ | ৯৫.২৬ | ক্যানিং | ১৫-০৩-২০২২ | ১১/০৩/২০২২ বিকাল ৩টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪০৪০৮ | SC/ST জন্য ৫০০০/- অন্যান্য ১০০০০/- | ৩ বৎসর |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ